# ওয়েস্ট বেঙ্গল মোশান পিকচার আর্টিস্ট'স ফোরাম
# বার্ষিক সাধারণ সভা
# ২০০৮

সম্পাদকীয় প্রতিবেদন

প্রিয় বন্ধু,

দশম বার্ষিক সাধারণ সভার শুরুতেই আপনারা আমার অভিনন্দন এবং আগামী বাংলা নববর্ষের শুভেচ্ছা গ্রহন করুন।

পারস্পরিক সমবেদনায়, সুখ দুঃখের সমব্যাথী হয়ে একদিন যে 'ফোরাম'-এর জন্ম হয়েছিল আজ সে তারুন্য থেকে যৌবনে পা দিয়েছে। আজ সে অনেক সুশৃঙ্খল অনেক পরিণত। আজও সে যেমন অন্যায়ের প্রতিবাদ করে, অন্যদিকে শিল্পী, কলাকুশলী এবং প্রযোজক সংস্থাগুলিকে এক সূত্রে বেঁধে এই শিল্পজগৎকে আরও উন্নতমানে পৌঁছে দিতে বদ্ধপরিকর।

বিগত বছর বর্ষবরণ উৎসব দিয়ে আমাদের যাত্রা শুরু। স্থায়ী-অস্থায়ী সকল সদস্যদের উপস্থিতিতে এবং নবীন ও প্রবীন শিল্পীদের অংশগ্রহণে অনুষ্ঠানটি কতটা উপভোগ্য হয়েছিল তা বলার অপেক্ষা রাখে না। অন্যান্য সাংস্কৃতিক কার্যকলাপের মধ্যে নভেম্বর '০৭ বিজয়া সম্মিলণী অনুষ্ঠান ও ডিসেম্বর ০৭ একাঙ্ক নাটক প্রতিযোগীতা বিশেষ ভাবে উল্লেখযোগ্য। সর্বশ্রী দেবদূত ঘোষ , মানসী সিনহা, জয়ন্ত দত্ত বর্মণ এবং অমিত ভট্টাচার্য পরিচালিত চারটি মনজ্ঞ একাঙ্ক নাটক পরিবেশিত হয়। গত মে ০৭-এ বিরাটিতে এক সাংস্কৃতিক অনুষ্ঠানে আমরা অংশগ্রহণ করি।

গতকয়েকবছর ধরে আমরা বারবার বলে এসেছি যে আমাদের সমস্যা গুলির মধ্যে সবচেয়ে গুরুত্বপুর্ণ হল পারিশ্রমিক আদায়ের সমস্যা। টি. ভি সিরিয়ালের প্রযোজক সংস্থা এ.টি.এ - র সাথে এব্যাপারে আমাদের চুক্তি হওয়া সত্ত্বেও মুষ্টিমেয় কিছু প্রযোজক ছাড়া অন্যান্যরা চুক্তি না মেনে চরম দায়িত্বহীনতার পরিচয় দেন। শিল্পীদের অসন্তোষ বাড়তে থাকে। আমরা আবার আন্দোলনের পথে নামতে বাধ্য হই। গত ৬ই নভেম্বর ০৭ বিজয়া সম্মিলনীর পর যে সভা হয় সেখানে সহ সভাপতি শ্রী সব্যসাচী চক্রবর্তী আন্দোলনের প্রথমিক কর্মসূচী ঘোষনা করেন। পরবার্তীকালে কো- অর্ডিনেশন কমিটির তত্ত্বাবধানে শিল্পী ও কলাকুশলীদের পারস্পরিক সহযোগীতায় এই আন্দোলন আজ চুড়ান্ত লক্ষের দিকে এগিয়ে চলেছে। আমাদের বক্তব্য অত্যান্ত ন্যায্য ও পরিস্কার :

১) ৫০০ টাকা বা তার কম পারিশ্রমিকে যারা কাজ করেন তাদের দিনের দিন পেমেন্ট করতে হবে।

২) অন্যান্যদের ক্ষেত্রে সিরিয়ালের শুরুর বার দিনের মাথায় প্রথম এগার দিনের কাজের জন্য এবং শুরুর চব্বিশ দিনের মাথায় বার দিনের পারিশ্রমিক প্রযোজকরা দিতে বাধ্য থাকবেন।

৩) গত ১৫ই মার্চ ' ০৮ অবধি সমস্ত বকেয়া ৩১ শে মার্চ ০৮ এর মধ্যে দিতে হবে।

৪) অনাদায়ে শিল্পী কলাকুশলীরা প্রযোজকদের সাথে অসহযোগীতা করবেন।

আমাদের সঙ্গে সহযোগীতার প্রতিশ্রুতি দিয়েছেন বেশ কয়েকজন প্রযোজক আমরা তাদের ধন্যবাদ জানাই।

যে সমস্ত সিরিয়াল মাঝপথে বন্ধ করে দেওয়া হয়েছে সেখানেও বকেয়া পারিশ্রমিক আদায়ের ব্যপারে আমরা পিছিয়ে নেই। গতবছরের এক উল্লেখযোগ্য ঘটনা 'ছায়ামানুষ' সিরিয়ালটির শিল্পীদের সমস্ত বকেয়া (৪,৭৩,৯০৯ টাকা) প্রাপ্য আদায় করা। কো-অর্ডিনেশন কমিটির নেতৃত্বে উক্ত সিরিয়ালের টাকা আদায়ের পাশাপাশি দেবদূত প্রডাকসান্স্-এর সাথেও একটি সহমতে আসা সম্ভব হয়েছে। 'মেঘবালিকা' সিরিয়ালের প্রযোজককের অনমনীয় ও দুবির্নীত আচরনের মোকাবেলায় আমরা প্রস্তুত হচ্ছি।

বিগত বছরে আমরা বেশ কিছু শিল্পীকে হারিয়েছি। তাঁদের মধ্যে আমাদের সংগঠনের প্রথম সভাপতি প্রখ্যাত অভিনেতা শুভেন্দু চট্টোপাধ্যায়কে আমরা গভীরভাবে স্মরণ করছি। এছাড়া সাধনা রায়চৌধুরী, দেবনাথ চ্যাটার্জী ও অশোক চক্রবর্তীর মত শিল্পীদের প্রয়া ণে আমরা মর্মাহত। গৌতম :--- দেবাশীষ।

আমরা ধন্যবাদ জানাই যারা আমাদের 'ফোরাম'কে ভালোবেসে আর্থিক সাহায্য দিয়েছেন। তারা মধ্যে বিশেষভাবে উল্লেখযোগ্য জিৎ (৫০০০০/-) , ফুটবল লাভার্স এ্যাসোসিয়েশন (৫০০০০/)।

পরিশেষে জানাই যে আমাদের প্রত্যেকের ব্যক্তিস্বার্থ সংগঠনের সামগ্রিক স্বার্থের মধ্যেই নিহিত আছে। তাই যারা আন্দোলনের ব্যাপারে নির্লিপ্ত বা দ্বিধা দ্বন্দে আছেন তারা সব ছুঁড়ে ফেলে আসুন হাতে হাত রেখে আমরা এগিয়ে যাই এক সুশৃঙ্খল সাংস্কৃতিক শিল্পজগত তৈরীর সুমহান প্রয়াসে।

ধন্যবাদান্তে,

১৩ই এপ্রিল ২০০৮
ভারত লক্ষী স্টুডিও, কলকাতা

প্রসেনজিত চট্টোপাধ্যায়
সাধারন সম্পাদক